



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
সিকিউরিটিজ কমিশন ভবন  
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭  
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২০৪

তারিখঃ ২৬ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ  
১০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৩৯ তম কমিশন সভা অদ্য ১০/০৯/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অদ্যকার সভায় Southeast Bank Limited এর ৫০০ কোটি টাকার ০৭ বছর মেয়াদী Non-convertible, Floating Rate, Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, ইনস্যুরেন্স কোম্পানি, বিভিন্ন ফান্ড, কর্পোরেটস-সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Southeast Bank Limited এর Tier-II Capital Base Strengthen করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। বন্ডটির Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে Green Delta Insurance Company Limited এবং Standard Chartered Bank (SCB) কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভুক্ত করার জন্য শর্তারোপ করা হয়।
০২. কমিশন সভায় Index Agro Industries Limited কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের জন্য বিডিং এর অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানিটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ৫০ (পঞ্চাশ কোটি) টাকা মূলধন উত্তোলন করে বিল্ডিং নির্মাণ, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ শে, জুন ২০১৯ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পূর্নমূল্যায়ন সঞ্চিতসহ) ৪৫.০৩ টাকা ও শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পূর্নমূল্যায়ন সঞ্চিত ব্যতীত) ৪৪.০৬ টাকা এবং শেয়ার প্রতি আয় (EPS) ৭.০৭ টাকা। আরও উল্লেখ্য, বিগত ০৫ টি আর্থিক বিবরণী অনুযায়ী কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted Average EPS) ৫.৬০ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এএফসি ক্যাপিটাল লিমিটেড এবং ইবিএল ইনভেস্টমেন্টস লিমিটেড।
০৩. এছাড়াও কমিশন অদ্যকার সভায় সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানকে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

*Reem*  
10-09-2020

মোহাম্মদ রেজাউল করিম  
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র